গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থ-বছরের ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ২০ জুন, ২০২১ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভাঃ জুম সভা
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ।

১.০০ জুম সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে গবেষণা কর্মকর্তা (এপিএ শাখা) সভাকে জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ২.১ অনুসারে ইনোভেশন টিমের ৬ টি সভা আয়োজনের নির্দেশনা আছে। সে আলোকে অদ্য পরিকল্পনা বিভাগের ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভা আয়োজন করা হয়। তিনি আরও অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের গৃহীত ইনোভেটিভ আইডিয়াটির বাস্তবায়ন অগ্রগতি আশাব্যঞ্জক। এছাড়া একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন ও ১ টি সেবা সহজীকরণ কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতিও সন্তোষজনক।

৩.০০ সভাপতি জানান যে, আগামী ২০/০৭/২০২১ তারিখের মধ্যে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। তিনি ২০২০-২১ অর্থবছরের শেষ সময়ে বাস্তবায়নযোগ্য কর্মসম্পাদন সূচকসমূহ চিহ্নিত করে তা বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

৪.০০ ইনোভেশন টিমের ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
(ক) পরিকল্পনা বিভাগের গৃহীত ইনোভেটিভ আইডিয়া "পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন" প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;	ক) মানচিত্র স্থাপন কাজ শেষ পর্যায়ে রয়েছে।
(খ) চলতি অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার যে সকল কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন হয়নি সে সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;	খ) এনএপিডি এ বিআইডিএস এর কর্মপরিকল্পনার বেশ কিছু কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান রয়েছে। এগুলোর বেশির ভাগ সমাপ্ত হবে মর্মে অংশগ্রহণকারীগণ জানিয়েছেন।
(গ) আওতাধীন দপ্তর/সংস্থা এনএপিডি এ বিআইডিএস এর ইনোভেশন কর্মপরিকল্পনার যে সকল কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন হয়নি সে সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;	গ) অসমাপ্ত কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

৫.০০ ২০২০-২১ অর্থ-বছরের উদ্ভাবন কর্ম-পরিকল্পনার যে সকল কর্মসম্পাদন সূচক পুরোপরি বাস্তবায়িত হয় নি সে সকল কর্মসম্পাদন সূচক যথসময়ে বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (এপিএ) সভায় কর্মসম্পাদন সূচক ৭.১ এ বর্ণিত 'ন্যূনতম একটি উদ্ভাবন প্রদর্শনীর (শোকেসিং) আয়োজন' ; কর্মসম্পাদন সূচক ৭.২ এ বর্ণিত 'প্রদর্শনীর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন' এবং কর্মসম্পাদন সূচক ৯.১ এ বর্ণিত ' উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান' বিষয়ক ৩টি কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের মতামত প্রদান করেন।

৬.০০ চলতি অর্থ-বছরের ইনোভেটিভ আইডিয়ার বিষয়ে সভাপতি সভায় উপসচিব (এসএসআরসি) কে "পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন" প্রকল্পটির অগ্রগতি সম্পর্কে জানানোর জন্য অনুরোধ জানান। এ বিষয়ে উপসচিব (এসএসআরসি) জানান "পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন" প্রকল্পটি বাস্তবায়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে। সভাপতি এ পর্যায়ে কর্মসম্পাদন সূচক ১৪.১ এ বর্ণিত 'বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত)' এবং কর্মসম্পাদন সূচক ১৪.২ এ বর্ণিত ' সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা' বিষয়ক ডকুমেন্টেশন ২টি উপসচিব (এসএসআরসি) কে কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণের অনুরোধ জানান।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

৭.০০ এনএপিডি ও বিআইডিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:
১। এনএপিডি: (ক) ইনোভেশন টিমের ৬ টি সভার মধ্যে ৬ টি সভা সম্পন্ন করেছে ;
(খ) ইনোভেশন টিমের সভায় গৃহীত প্রায় ৯২% সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে অবশিষ্ট বাস্তবায়ন প্রক্রিয়াধীন।
২। বিআইডিএস: (ক) ইনোভেশন টিমের ৬ টি সভার মধ্যে ৬ টি সভা সম্পন্ন করেছে;
(খ) ১৫ ও ১৬ জুন ২০২১ তারিখে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির জন্য ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করেছে;
এবং (গ) ২০ ও ২১ জুন ২০২১ তারিখে সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করেছে।

৮.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
(ক) যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ও প্রমাণক দাখিল করতে হবে;
(খ) আওতাধীন দপ্তর/সংস্থা এনএপিডি এ বিআইডিএস এর ইনোভেশন কর্মপরিকল্পনার যে সকল কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন হয়নি সে সকল কর্মসম্পাদন সূচক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;
(গ) উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত) এবং সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা বিষয়ক ডকুমেন্টেশন ২টি কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করতে হবে।
(ঘ) উদ্ভাবনী উদ্যোগের উদ্ভাবকগণকে প্রশংসাসূচক পত্র/সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/০৬/২১
(মো: দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৪.০০১.২০-২০৩

তারিখঃ ৭ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ
২১ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণঃ
১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. যুগ্মসচিব, (বাজেট ও এপিএ) পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. উপসচিব, (এসএসআরসি/ কর্মসম্পাদন ব্যবস্থাপনা/আইন) পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. পরিচালক (প্রঃ ও অঃ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব, সাধারণ শাখা ১ ও ২/ পিটি, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরনীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. অফিস কপি

২১/০৬/২০২১
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫৮
E-mail: ro.pms@plandiv.gov.bd